

নির্দেশাবলী:

ধাপ 1: MEDICARE সঞ্চয় কর্মসূচি আবেদনপত্রটি প্রিন্ট করুন

ধাপ 2: আবেদনপত্রটি সম্পূর্ণ করুন

সকল প্রশ্নগুলির উত্তর দেওয়া নিশ্চিত করুন। যদি আপনি বিবাহিত হন এবং আপনার স্বামী/স্ত্রীর সঙ্গে থাকেন, তাহলে আপনাকে আবশ্যিকভাবে আবেদনপত্রে থাকা “নিজ” এবং “স্বামী/স্ত্রী”-এর প্রশ্নগুলি সম্পূর্ণ করতে হবে (এমনকি স্বামী/স্ত্রী MSP-এর জন্য আবেদন না করলেও)।

ধাপ 3: #2 নম্বর পৃষ্ঠায় দেওয়া সকল তথ্য পড়ুন।

ধাপ 4: আবেদনপত্রটিতে স্বাক্ষর করুন এবং তারিখ দিন

যদি স্বামী-স্ত্রী উভয়েই আবেদন করেন, তাহলে উভয়কেই MSP-এর আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে।

ধাপ 5: আপনার আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত যাচাইকরণের নথিগুলি (একইরকমের তথ্য) জোগাড় করুন ও অন্তর্ভুক্ত করুন:

- আপনার **Medicare কার্ডের** (লাল, সাদা এবং নীল কার্ড) সামনে এবং পিছনের দিকের একটি **ফটোকপি** তৈরি করুন।
- **জন্মতারিখের প্রমাণপত্র**, যেমন স্টেট ড্রাইভারের লাইসেন্স, U.S. জন্ম শংসাপত্র, U.S. পাসপোর্ট, স্থায়ী বসবাসকারীর কার্ড (“গ্রিন কার্ড”), অথবা NYS বেনিফিট আইডেন্টিফিকেশন কার্ড।
- **বাসস্থানের প্রমাণপত্র**, যেমন আপনার বাড়ির মালিকের থেকে আপনার বাড়ির ঠিকানা সহ লিড্/চিঠি/ভাড়ার রসিদ, অত্যাবশ্যকীয় পণ্যের বিল (গ্যাস, বিদ্যুৎ, ফোন, cable, জ্বালানি অথবা জল), সম্পত্তি করার রেকর্ড অথবা বন্ধকের বিবৃতি, অথবা ডাকঘরের চিহ্নসহ খাম (একটি পোস্ট বক্সে পাঠানো হলে ব্যবহার করা যায় না)। আবেদনটিপত্রে যেদিন স্বাক্ষর করেছেন প্রমাণপত্র তার থেকে 6 মাসের বেশি পুরনো হওয়া যাবে না।
- **আয়ের প্রমাণপত্র**, যেমন মাইনের চেক স্টাব (4 সপ্তাহ), নিয়োগকর্তার চিঠি, অর্থের পরিমাণ ও পুনরাবৃত্তি নির্দেশকারী পেনশনের তথ্য, আয়কর রিটার্ন, কোনও অনুপার্জিত আয় সহায়তার থেকে অ্যাওয়ার্ড চিঠি যেমন সামাজিক নিরাপত্তা, বেকারত্ব, অথবা সেনাবাহিনী থেকে অবসরপ্রাপ্ত ব্যক্তির সুবিধা অথবা বাড়িওয়ালার, বোর্ডার অথবা ভাড়াটের থেকে চিঠি।

- Medicare বাদ দিয়ে আপনি অন্য কোনও স্বাস্থ্য বিমার প্রিমিয়াম পরিশোধ করে থাকলে তার প্রমাণপত্র, যেমন নিয়োগকর্তার থেকে একটি চিঠি, প্রিমিয়ামের বিবৃতি, অথবা মাইনের স্টাব।
- যদি আপনি একজন U.S. নাগরিক না হন, তাহলে আপনাকে আবশ্যিকভাবে আপনার বর্তমান অভিবাসন স্থিতি নির্দেশকারী নথিগুলি প্রদান করতে হবে যেমন I-551 স্থায়ী বসবাসকারীর কার্ড (“গ্রিন কার্ড”), I-766 এমপ্লয়মেন্ট অথরাইজেশন কার্ড (Employment Authorization Card)।

যদি এক্ষেত্রে একজন আবেদনকারী স্বামী/স্ত্রী থাকেন, তাহলে স্বামী/স্ত্রীকেও আবশ্যিকভাবে উপরে উল্লিখিত নথিগুলি প্রদান করতে হবে।

ধাপ 6: আপনার আবেদন মেল করার আগে, নিশ্চিত হয়ে নিন যে আপনি সমস্ত প্রশ্নের উত্তর দিয়েছেন, এতে স্বাক্ষর করেছেন এবং তারিখ দিয়েছেন এবং আপনার নথিপত্র অন্তর্ভুক্ত করেছেন। আপনার রেকর্ডের জন্য আবেদনপত্রের একটি প্রতিলিপি তৈরি করুন।

ধাপ 7: আপনার Local Department of Social Services (LDSS) or Human Resource Administration (HRA).-এ আবেদনপত্রটি এবং প্রয়োজনীয় নথিপত্র মেল করুন। আপনার কাউন্টিতে ঠিকানা পেতে এখানে (একটি লিঙ্ক ঢোকান) ক্লিক করুন।
http://www.health.ny.gov/health_care/medicaid/ldss.htm

ধাপ 8: একটি আবেদনপত্র দাখিল করার 45 দিনের মধ্যে LDSS আপনাকে একটি কার্যের বিজ্ঞপ্তি (Notice of Action) পাঠাবে। আপনি MSP সুবিধা পাবেন কিনা তা এই বিজ্ঞপ্তিটি আপনাকে জানাবে।

আপনাকে প্রতি বছর আপনার MSP পুনর্নবীকরণ (পুনঃপ্রত্যয়িত) করতে হবে। আপনি যদি পুনঃপ্রত্যয়ন করার জন্য মেলে কোনো বিজ্ঞপ্তি না পান, তাহলে আপনার স্থানীয় Medicaid অফিস বা HRA-এর সাথে যোগাযোগ করুন এবং পরের বছরে আপনার MSP সুবিধাগুলি পাওয়া নিশ্চিত করতে আপনাকে কী করতে হবে তা জিজ্ঞাসা করুন।

***আপনার আরও সাহায্যের প্রয়োজন হলে আপনি Medicaid হেল্প লাইন নম্বর 1-800-541-2831-এ যোগাযোগ করতে পারেন**